

সেন্ট লুইসে গ্র্যান্ড চেস ট্যুর খেতাব জয়ের পর রমেশবাবু প্রজ্ঞানন্দ। ছবি: পিটিআই

# গ্র্যান্ড চেস ট্যুর জয় প্রজ্ঞার

**আজকালের প্রতিবেদন**

আমেরিকার সেন্ট লুইসে অনুষ্ঠিত গ্র্যান্ড চেস ট্যুর খেতাব জিতলেন ভারতীয় গ্র্যান্ডমাস্টার রমেশবাবু প্রজ্ঞানন্দ। ইতিহাস গড়ে প্রথম ভারতীয় হিসেবে তিনি গ্র্যান্ড চেস ট্যুর জিতলেন। বৃহস্পতিবার গ্র্যান্ড ফিনালেতে দুরন্ত কামব্যাকে চমকে দিয়েছেন প্রজ্ঞা। সেন্ট লুইস চেস ক্লাবে তিনি ক্লাসিক্যাল গেমসে ছয় পয়েন্টের ব্যবধানে (৩–৯) পিছিয়ে ছিলেন গতবারের চ্যাম্পিয়ন, আমেরিকার ফ্যাবিয়ানো কারুয়ানার বিরুদ্ধে। তারপর অবিশ্বাস্য প্রত্যাবর্তনে প্রজ্ঞা জয়ী ১৫–১৩ ব্যবধানে। দুটো র‍্যাপিডেই জেতেন তিনি। তারপর ব্লিৎজে প্রথম গেম ড্র, দ্বিতীয় গেমে জয়ী কারুয়ানা। তৃতীয় গেমে জিতে খেতাব হাতের মুঠোয় নেন প্রজ্ঞা। চ্যাম্পিয়ন হয়ে প্রজ্ঞা পেলেন ২ লক্ষ মার্কিন ডলার। পরের গ্র্যান্ড চেস ট্যুরেও খেলার সবুজ সঙ্কেত পেলেন তিনি। আর এক আমেরিকান ওয়েসলি সো পেয়েছেন তৃতীয় স্থান। তিনি ১৮–১২ পয়েন্টে হারান জার্মানির ভিনসেন্ট কেইমারকে। কারুয়ানার বিরুদ্ধে জয় ছিনিয়ে নিয়ে কী বলছেন প্রজ্ঞানন্দ? ‘সত্যি বলতে কী, আজ ভাবিইনি আমার জেতার কোনও সম্ভাবনা আছে। ফ্যাবিকে হারানোই যেখানে কঠিন, সেখানে র‍্যাপিডে দুটো জয় ছিল খুব গুরুত্বপূর্ণ।’ র‍্যাপিড ও ব্লিৎজে নিজের খেলায় বেশ সন্তুষ্ট চেন্নাই গ্র্যান্ডমাস্টার। উল্লেখ্য, নরওয়ে দাবায় চ্যাম্পিয়ন হওয়ার পর থেকেই দুরন্ত ছন্দে রয়েছেন প্রজ্ঞা।



রাজারহাটের পর বানতলায় শুরু হচ্ছে যুবরাজ সিং সেন্টার অফ এক্সেলেন্স। মার্লিন রাইজ–দ্য স্পোর্টস রিপাবলিকে ওয়াইএসসিই–র সাফল্যের পর মার্লিন গ্রুপ এবং যুবরাজের এই দ্বিতীয় অত্যাধুনিক ক্রিকেট অ্যাকাডেমির উদ্বোধন হবে ২৯ আগস্ট।

## মেসিদের নতুন কোচ

গিয়েরমো হোয়োসের বদলে এবার ইন্টার মায়ামির নতুন কোচ ক্রিশ্চিয়ান গঞ্জালেজ। ২৭ আগস্ট এই আর্জেন্টিনীয়র সঙ্গে চুক্তির কথা জানিয়েছে ক্লাব। ৫ ম্যাচ জয়হীন থাকা লিওনেল মেসিদের জয়ের সরণিতে ফেরানোই এখন চ্যালেঞ্জ গঞ্জালেজের।

## পর্তুগাল ক্লাবে ‘ভারতীয়’

মুম্বইয়ে জন্মানো ভারতের যুব ফুটবলার জোহান বেঞ্জামিনের সঙ্গে ২ বছরের চুক্তি করল পর্তুগালের ক্লাব গুয়ার্দা এফসি। এই প্রসঙ্গে বেঞ্জামিন বলেন, ‘আমার ওপর আস্থা রাখায় ও নিজেকে প্রমাণের সুযোগ দেওয়ায় গুয়ার্দার প্রতি কৃতজ্ঞ।’

## গুটিয়ে গেল পাকিস্তান

প্রথম ইনিংসে ইংল্যান্ডের ২৯০ রানের পর দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনে ১১০–এ গুটিয়ে গেল পাকিস্তান। ওলি রবিনসন ৪ উইকেট নিয়েছেন। জোফ্রা আর্চারের ঝুলিতে ৩ উইকেট। দ্বিতীয় দিনের শেষে দ্বিতীয় ইনিংসে ইংল্যান্ড ৮১/৩। আপাতত ইংল্যান্ডের লিড ২৬১ রানের।

---

পंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon !

**শাখা অফিস: এআরএমবি নদিয়া**
১/৪, পণ্ডিত এল কে মৈত্র রোড, কৃষ্ণনগর, নদিয়া–৭৪১১০১
ই–মেল: cs8286@pnb.bank.in, ফোন: ৯০০২৬৯০২৮৯ / ৯৩৮২১৬৩২৮৪

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

## স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/বাস্তবিক/প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

### সুরক্ষিত পরিসম্পদের তফসিল

| লট নং | শাখার নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ/ স্বত্বাধিকারীর নাম (সম্পত্তির বন্ধকদাতা) | ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) ১৩(২) ধারাধীন দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক) | ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ) গ) বিড বাড়ানোর মূল্য | ই–নিলামের তারিখ ও সময় | সুরক্ষিত ঋণদাতার জানা দায় (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|
| ১ | **শাখা অফিস: নগরউখড়া**<br>**মেসার্স ইশিতা মিনি হাস্কিং মিল (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিসেস বিউটি দেবনাথ<br>গ্রাম ও পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন– ৭৪১২৫৭<br>**মিসেস বিউটি দেবনাথ**<br>(ঋণগ্রহীতা তথা বন্ধকদাতা)<br>স্বামী– মিঃ মনোরঞ্জন দেবনাথ<br>গ্রাম– গোয়ালডোব, পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন– ৭৪১২৫৭<br>**মিঃ মনোরঞ্জন দেবনাথ**<br>(জামিনদার তথা বন্ধকদাতা)<br>পিতা– মুকুন্দ দেবনাথ<br>গ্রাম– গোয়ালডোব, পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন– ৭৪১২৫৭ | **সম্পত্তি নং ১:** নিম্নোক্ত জমি ও দোকানবাড়ি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: গ্রাম– গোয়ালডোব, পোঃঅঃ ও থানা– হরিণঘাটা, নগরউখড়া গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– নদিয়া, মৌজা– লাউপালা, জে এল নং ৮৩, তৌজি নং ১৩, আর এস খতিয়ান নং ৮৬২, এল আর খতিয়ান নং ১৩২২, আর এস দাগ নং ৯১০, জমির (বাড়ি) পরিমাপ ৪.০ ডেসিমেল, এডিএসআর– হরিণঘাটা, নদিয়া–তে রেজিস্টার্ড ২০০১ সালের দানদলিল নং I–০২৫৬২ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী শ্রী মনোরঞ্জন দেবনাথ (জামিনদার)। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– রমেশ দেবনাথের সম্পত্তি; দক্ষিণ– প্রয়াত গোরাচাঁদ দেবনাথের সম্পত্তি; পূর্ব– সামসুল হকের সম্পত্তি; পশ্চিম– বরুণ দেবনাথের সম্পত্তি।<br>**সম্পত্তি নং ২:** নিম্নোক্ত জমি ও দোকানবাড়ি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: গ্রাম ও পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, নগরউখড়া গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– নদিয়া, মৌজা– নগরউখড়া, জে এল নং ৭৭, তৌজি নং ১৩, এল আর খতিয়ান নং ২৯৫৬, আর এস দাগ নং ৪০৩, জমির পরিমাপ– ১.২৮৯ ডেসিমেল, এডিএসআর– হরিণঘাটা, নদিয়া–তে রেজিস্টার্ড ২০১০ সালের দানদলিল নং I–০২৩৬২ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী শ্রীমতী বিউটি দেবনাথ (প্রোপ্রাইটর)। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– রমেশ দেবনাথের সম্পত্তি; দক্ষিণ– ৮ ফুট চওড়া রাস্তা; পূর্ব– বলরাম সাউয়ের সম্পত্তি; পশ্চিম– স্বপন দেবনাথের সম্পত্তি। | ক) ০৯.১১.২০২২<br>খ) ₹৫১,০১,৪০৬.৭৬<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ১৪.০২.২০২৩<br>ঘ) প্রতীকী | সম্পত্তি নং ১<br>ক) ₹৮,৬৪,০০০.০০<br>খ) ₹৮৬,৪০০.০০<br>গ) ₹১০,০০০.০০<br>সম্পত্তি নং ২<br>ক) ₹১৯,৩৩,০০০.০০<br>খ) ₹১,৯৩,৩০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ২ | **শাখা অফিস: চাকদহ**<br>**মেসার্স বোস এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিঃ সুশান্ত বোস,<br>পিতা– মিঃ দেবব্রত বোস<br>গ্রাম– রবীন্দ্রনগর, গ্রাম– বারাসত (দক্ষিণপাড়া), পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মেসার্স বোস এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা),** প্রোপ্রাইটর: মিঃ সুশান্ত বোস, পিতা– মিঃ দেবব্রত বোস, অফিসের ঠিকানা: গোপাল সুপার মার্কেট (ডাউন রেলওয়ে টিকিট কাউন্টারের কাছে), পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**প্রোপ্রাইটর: মিঃ সুশান্ত বোস (প্রোপ্রাইটর),** পিতা– মিঃ দেবব্রত বোস, গ্রাম– রবীন্দ্রনগর, গ্রাম– বারাসত (দক্ষিণপাড়া), পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ সুশান্ত বোস (একক প্রোপ্রাইটর),** পিতা– মিঃ দেবব্রত বোস, অফিসের ঠিকানা: গোপাল সুপার মার্কেট (ডাউন রেলওয়ে টিকিট কাউন্টারের কাছে), পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ সুশান্ত বোস (একক প্রোপ্রাইটর),** পিতা– মিঃ দেবব্রত বোস, গ্রাম– জসরা, ওয়ার্ড নং ২, পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ জুলু বোস (মেসার্স বোস এন্টারপ্রাইজ–এর জামিনদার এবং গৃহঋণে সহ–ঋণগ্রহীতা),** পিতা– মিঃ দেবব্রত বোস, গ্রাম– জসরা, ওয়ার্ড নং ২, পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ সুশান্ত বোস (একক প্রোপ্রাইটর),** পিতা– মিঃ দেবব্রত বোস, অফিসের ঠিকানা: গোপাল সুপার মার্কেট (ডাউন রেলওয়ে টিকিট কাউন্টারের কাছে), পোঃঅঃ ও থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ সম্রাট বোস (মেসার্স বোস এন্টারপ্রাইজ–এর জামিনদার),** গ্রাম– গোয়ালডোব, পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন–৭৪১২৫৭ | নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: গ্রাম– জসরা, পোঃঅঃ– চাকদহ, চাকদহ পুরসভার এলাকাধীন, থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২, জে এল নং ২৪, তৌজি নং ১২, মৌজা– জসরা, এল আর খতিয়ান নং ৩৪৫৫, ৩৪৫৬, ৩৪৫৭, আর এস এবং এল আর দাগ নং ৫৮৭, জমির পরিমাপ– ৫ ডেসিমেল, এডিএসআর– চাকদহ–তে রেজিস্টার্ড ২০১১ সালের বিক্রয় দলিল নং I–০২৪৯৪ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ জুলু বোস, সম্রাট বোস এবং সুশান্ত বোস। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– পুরসভার রাস্তা; দক্ষিণ– চম্পা দেবনাথের সম্পত্তি; পূর্ব– খুশি দেবনাথের সম্পত্তি; পশ্চিম– আসা–যাওয়ার পরিসর। | ক) ২৩.০৩.২০২২<br>খ) ₹৫৬,১৭,৮০৩.৩৬<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ১৪.০৬.২০২২<br>গ) প্রতীকী | ক) ₹৪১,৬০,০০০.০০<br>খ) ₹৪,১৬,০০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৩ | **শাখা অফিস: বগুলা বাজার**<br>**মেসার্স শ্যামসুন্দর এন্টারপ্রাইজ (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিসেস রীতা ভৌমিক,<br>স্বামী– মিঃ সুখেন্দু ভৌমিক<br>গ্রাম ও পোঃঅঃ– বগুলা, থানা– হাঁসখালি, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ– ৭৪১৫০২<br>**মিঃ পীযূষ ভৌমিক (জামিনদার),**<br>পিতা– শ্যামসুন্দর ভৌমিক<br>গ্রাম ও পোঃঅঃ– বগুলা, থানা– হাঁসখালি, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ– ৭৪১৫০২ | নিম্নোক্ত জমি ও বাড়ি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বগুলা, জে এল নং ৬৯, আর এস দাগ নং ৭৯৪, আর এস খতিয়ান নং ৪১২৭, ৪১২৮, বগুলা ২ নং গ্রাম পঞ্চায়েত, জমির পরিমাপ ২৯৪ বর্গফুট, ২০০৬ সালের দলিল নং ২৯৬৯ ও ২৯৬৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী মিসেস রীতা ভৌমিক, স্বামী– সুখেন্দু ভৌমিক, নিবাস: গ্রাম ও পোঃঅঃ– বগুলা, থানা– হাঁসখালি, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ– ৭৪১৫০২। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– বাসুদেব কুণ্ডুর দোকান; দক্ষিণ– ৬ ফুট চওড়া আসা–যাওয়ার পরিসর; পূর্ব– বাজারের আসা–যাওয়ার পরিসর; পশ্চিম– উত্তম কুমার সরকার এবং গৌরাঙ্গ সরকারের দোকান। | ক) ০১.১২.২০২১<br>খ) ₹২১,৮৬,৬০৮.৩৭<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ২৮.১১.২০২৩<br>ঘ) প্রতীকী | ক) ₹১৯,৮৫,০০০.০০<br>খ) ₹১,৯৮,৫০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৪ | **শাখা অফিস: পলাশীপাড়া**<br>**এ এ অটো সেন্টার (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিঃ সফিকুল ইসলাম, পিতা– মহঃ আলাউদ্দিন শেখ, গ্রাম– মুক্তিপাড়া, পোঃঅঃ– দিঘরা, থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মিঃ সফিকুল ইসলাম,** পিতা– মহঃ আলাউদ্দিন শেখ, গ্রাম– মুক্তিপাড়া, পোঃঅঃ– দিঘরা, থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২<br>**মহঃ আলাউদ্দিন শেখ (জামিনদার),** পিতা– মিঃ পচা শেখ, গ্রাম– মুক্তিপাড়া, পোঃঅঃ– দিঘরা, থানা– চাকদহ, জেলা– নদিয়া, পিন–৭৪১২২২ | নিম্নোক্ত জমি ও বাড়ি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা– নদিয়া, থানা– পলাশীপাড়া, মৌজা– বারনিয়া, জে এল নং ২৬, খতিয়ান নং ২৯৫৮, প্লট নং ৮৯৪০, বারনিয়া গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, প্রকৃতি– ভিটা, পরিমাপ ০.০১½ একর, ২০১৭ সালের দলিল নং I–৫৩৬৫ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মহঃ আলাউদ্দিন শেখ। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– মহঃ আলাউদ্দিন শেখের পুকুর; দক্ষিণ– পাকা রাস্তা; পূর্ব– সুলতান শেখের বাড়ি; পশ্চিম– মসজিদ। | ক) ১৭.০৫.২০২২<br>খ) ₹৪৬,৭১,০০০.০০<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ২৫.০৮.২০২২<br>গ) প্রতীকী | ক) ₹২২,২৪,০০০.০০<br>খ) ₹২,২২,৪০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৫ | **শাখা অফিস: পলাশীপাড়া**<br>**মেসার্স জাইদুল মণ্ডল (ঋণগ্রহীতা)**<br>পিতা– মিঃ আবদুল রশিদ মণ্ডল<br>গ্রাম ও পোঃঅঃ– বাউর, থানা– তেহট্ট, জেলা– নদিয়া, পিন–৭৪১১৫৫<br>**মিঃ জাইদুল মণ্ডল (ঋণগ্রহীতা)**<br>পিতা– মিঃ আবদুল রশিদ মণ্ডল<br>গ্রাম– বিজয়নগর, পোঃঅঃ– পলাশীপাড়া, জেলা– নদিয়া<br>**মিঃ আবদুল হান্নান মণ্ডল**<br>(জামিনদার ও বন্ধকদাতা)<br>পিতা– প্রয়াত সামছাদ্দিন মণ্ডল<br>গ্রাম ও পোঃঅঃ– বাউর, থানা– তেহট্ট, জেলা– নদিয়া, পিন–৭৪১১৫৫ | বাড়ি সমেত সামান্য কমবেশি ৮ ডেসিমেল ‘ভিটা’ ও ‘বাড়ি’ শ্রেণিভুক্ত জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: আর এস প্লট নং ৮৭৭, ৮৮০ ও ৮৮১, এল আর প্লট নং ১০০৫, ১০০৯ ও ১০১০, আর এস খতিয়ান নং ৫৬৩, এল আর খতিয়ান নং ১১১৫ ও ১১১৬, মৌজা– বাউর, জে এল নং ২১, তৌজি নং ২, থানা– তেহট্ট, এডিএসআর অফিস– তেহট্ট, জেলা– নদিয়া, পলাশীপাড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, ১৯৮৫ সালের দলিল নং I–০১৪৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ আবদুল হান্নান মণ্ডল এবং মিঃ আবদুল রশিদ মণ্ডল। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– আবদুল হোসেনের বাড়ি; দক্ষিণ– কংক্রিটের ৬ ফুট চওড়া রাস্তা; পূর্ব– চইনুদ্দিন মণ্ডলের বাড়ি এবং ৬ ফুট চওড়া রাস্তা; পশ্চিম– কংক্রিটের ৮ ফুট চওড়া রাস্তা। | ক) ০১.০৩.২০২৫<br>খ) ₹৫১,৩৬,২৩৭.৪৪<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ০৯.০৯.২০২৫<br>গ) প্রতীকী | ক) ₹১৮,৯০,৪০০.০০<br>খ) ₹১,৮৯,০৪০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৬ | **শাখা অফিস: স্বরূপগঞ্জ**<br>মেসার্স মা মনসা পাওয়ারলুম (ঋণগ্রহীতা)<br>প্রোপ্রাইটর: প্রয়াত সাধন দেবনাথ, পিতা– মিঃ কালাচাঁদ দেবনাথ<br>গ্রাম– মহেশগঞ্জ, বাগানেপাড়া, পোঃঅঃ– মহেশগঞ্জ, থানা– নবদ্বীপ, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৩১৫<br>**মিসেস শচী দেবনাথ** (প্রয়াত সাধন দেবনাথের আইনি উত্তরাধিকারী), স্বামী– প্রয়াত সাধন দেবনাথ, গ্রাম– মহেশগঞ্জ, বাগানেপাড়া, পোঃঅঃ– মহেশগঞ্জ, থানা– নবদ্বীপ, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৩১৫<br>**মিঃ সুখরঞ্জন দেবনাথ** (প্রয়াত সাধন দেবনাথের আইনি উত্তরাধিকারী), পিতা– প্রয়াত সাধন দেবনাথ, গ্রাম– মহেশগঞ্জ, বাগানেপাড়া, পোঃঅঃ– মহেশগঞ্জ, থানা– নবদ্বীপ, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৩১৫<br>**মিঃ সঞ্জয় দেবনাথ** (প্রয়াত সাধন দেবনাথের আইনি উত্তরাধিকারী), পিতা– প্রয়াত সাধন দেবনাথ, গ্রাম– মহেশগঞ্জ, বাগানেপাড়া, পোঃঅঃ– মহেশগঞ্জ, থানা– নবদ্বীপ, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৩১৫<br>**মিঃ সঞ্জীব দেবনাথ** (প্রয়াত সাধন দেবনাথের আইনি উত্তরাধিকারী), পিতা– প্রয়াত সাধন দেবনাথ, গ্রাম– মহেশগঞ্জ, বাগানেপাড়া, পোঃঅঃ– মহেশগঞ্জ, থানা– নবদ্বীপ, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৩১৫ | **সম্পত্তি নং ১:** নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– নদিয়া, মৌজা– গাদিগাছা, জে এল নং ১৭, স্বরূপগঞ্জ গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা এবং এডিএসআর অফিস– নবদ্বীপ, খতিয়ান নং– সাবেক ১৩৭২, ১৪৪৪/১, ৪৬৪, দাগ নং ২৪৬, ২৩৮, ২৩৮/১৮৪২, ২৩৮/১৮৪৩, জমির পরিমাপ ১২.৩৩ ডেসিমেল, দলিল নং ১৯০/১৯৯২ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী: প্রয়াত সাধন দেবনাথ, পিতা– মিঃ কালাচাঁদ দেবনাথ। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– মিহির দেবনাথের বাড়ি; দক্ষিণ– পঞ্চায়েতি রাস্তা; পূর্ব– মধুসূদন দেবনাথের সম্পত্তি; পশ্চিম– রাজেন্দ্র দেবনাথের সম্পত্তি।<br>**সম্পত্তি নং ২:** নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– নদিয়া, থানা এবং এডিএসআর অফিস– নবদ্বীপ, তৌজি নং ৮, পরগনা– উখড়া, জে এল নং ১৭, মৌজা– গাদিগাছা, মোট জমি ৫.০০ ডেসিমেল, এল আর খতিয়ান নং ১৭৩৬, দাগ নং ২৪৫/২১৬৮, দলিল নং ১৭৩৬/১৯৯৮ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী: প্রয়াত সাধন দেবনাথ, পিতা– মিঃ কালাচাঁদ দেবনাথ। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা (দলিল অনুযায়ী): উত্তর– মিহির দেবনাথের সম্পত্তি; দক্ষিণ– সাধন দেবনাথের সম্পত্তি; পূর্ব– পূর্ণ দেবনাথের সম্পত্তি; পশ্চিম– প্রিয়গোপাল চৌধুরির সম্পত্তি।<br>**সম্পত্তি নং ৩:** নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– নদিয়া, থানা এবং এডিএসআর– নবদ্বীপ, তৌজি নং ৮, পরগনা– উখড়া, জে এল নং ১৭, মৌজা– গাদিগাছা, মোট জমি ৫.৭৩ ডেসিমেল, এল আর খতিয়ান নং ২৫২৯, আর এস এবং এল আর দাগ নং ২৪৬, দলিল নং ২১২৩/২০০৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী: প্রয়াত সাধন দেবনাথ, পিতা– মিঃ কালাচাঁদ দেবনাথ। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা (দলিল অনুযায়ী): উত্তর– সাধন দেবনাথের ফাঁকা জমি; দক্ষিণ– কাঁচা রাস্তা; পূর্ব– মদন মোহন দেবনাথের ফাঁকা জমি; পশ্চিম– সাধন দেবনাথের ফাঁকা জমি।<br>**সম্পত্তি নং ১, সম্পত্তি নং ২ এবং সম্পত্তি নং ৩ হল পরস্পর সংলগ্ন সম্পত্তি, যেগুলি একক ইউনিট হিসেবে বিক্রি করা হবে।** | ক) ২৫.০৪.২০২৪<br>খ) ₹২৯,৭৩,৩৪০.১০<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ০৯.০৭.২০২৪<br>ঘ) প্রতীকী | ক) ₹৫০,৩৫,৪০০.০০<br>খ) ₹৫,০৩,৫৪০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৭ | **শাখা অফিস: কালীনারায়ণপুর**<br>**মেসার্স শুভম রাখি সেন্টার (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিসেস তাপসী দেবনাথ, গ্রাম– স্কুল পাড়া, পোঃঅঃ– কালীনারায়ণপুর, থানা– তাহেরপুর, জেলা– নদিয়া, পিন–৭৪১২৫৪<br>**মিসেস তাপসী দেবনাথ (ঋণগ্রহীতা),** স্বামী– মিঃ ব্রহ্মজিৎ বিশ্বাস, গ্রাম– স্কুল পাড়া, পোঃঅঃ– কালীনারায়ণপুর, থানা– তাহেরপুর, জেলা– নদিয়া, পিন–৭৪১২৫৪ | নিম্নোক্ত প্রায় ৬.৬ ডেসিমেল জমি ও একতলা আবাসবাড়ি বিশিষ্ট সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– কামগাছি, জে এল নং ১৭, আর এস প্লট নং ১৮৪৫, এল আর ২৮১২, এল আর খতিয়ান নং ৪৮৮০, কালীনারায়ণপুর পাহাড়পুর গ্রাম পঞ্চায়েত, ২০০৯ সালের দলিল নং ৩২৫৪ অনুযায়ী সম্পত্তিটি মিসেস তাপসী দেবনাথ, স্বামী– মিঃ ব্রহ্মজিৎ বিশ্বাসের নামে রেজিস্টার্ড, থানা– তাহেরপুর, জেলা– নদিয়া, পিন–৭৪১১২৭। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– ঠাকুরানি হালদার; দক্ষিণ– ভূপেশ ভট্টাচার্য; পূর্ব– রঘুরাম চক্রবর্তী; পশ্চিম– রচনা মণ্ডল। | ক) ২৫.১১.২০২১<br>খ) ₹২৪,৬২,৯৩১.৬১<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ১১.০২.২০২২<br>গ) প্রতীকী | ক) ₹১৩,০১,০০০.০০<br>খ) ₹১,৩০,১০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৮ | **শাখা অফিস: কৃষ্ণনগর**<br>**মেসার্স সিংহ ইলেকট্রনিক্স (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিঃ কানাই লাল সিংহ, ৪০, আর এন টেগোর রোড, ফ্যান্সি মার্কেট, কৃষ্ণনগর, জেলা– নদিয়া, পিন–৭৪১১০১ | নিম্নোক্ত জমি ও বাড়ি নিয়ে গঠিত স্থাবর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– সোঁদা, জে এল নং ৯৭, দাগ নং ৫০৪/৭৬২৭ (এল আর) খতিয়ান নং ২৯৫৩ (এল আর), ওয়ার্ড নং ৪, হোল্ডিং নং ৩, প্রকৃতি– ‘ভিটা’, জমির পরিমাপ– ৩.৭০ ডেসিমেল, দলিল নং I–৩৪৫২/১৯৯৮ অনুযায়ী কানাই লাল সিংহ–এর নামে রেজিস্টার্ড, কৃষ্ণনগর পুরসভার এলাকাধীন, থানা– কোতোয়ালি, জেলা– নদিয়া। চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– পুরসভার রাস্তা; দক্ষিণ– রাণু সাহার বাড়ি; পূর্ব– মনকুমারী পালের বাড়ি; পশ্চিম– জয়ন্ত অধিকারীর বাড়ি এবং চলাচলের সাধারণ পরিসর। | ক) ৩১.০৮.২০২১<br>খ) ₹৮২,৬৪,৭০০.৯২<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ০৮.১২.২০২১<br>গ) প্রতীকী | ক) ₹৩৬,৮৮,০০০.০০<br>খ) ₹৩,৬৮,৮০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ৯ | **শাখা অফিস: সুতরাগড়**<br>**মিঃ সঞ্জয় দে (ঋণগ্রহীতা),** পিতা– মিঃ নিমাই চন্দ্র দে, মহেন্দ্র দত্ত লেন, লক্ষ্মীতলাপাড়া, পোঃঅঃ ও থানা– শান্তিপুর, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৪০৪<br>**মিঃ সঞ্জীব দে (জামিনদার ও বন্ধকদাতা),** পিতা– মিঃ নিমাই চন্দ্র দে, মহেন্দ্র দত্ত লেন, লক্ষ্মীতলাপাড়া, পোঃঅঃ ও থানা– শান্তিপুর, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৪০৪<br>**মিসেস মঞ্জু দে (জামিনদার ও বন্ধকদাতা),** স্বামী– মিঃ নিমাই চন্দ্র দে, মহেন্দ্র দত্ত লেন, লক্ষ্মীতলাপাড়া, পোঃঅঃ ও থানা– শান্তিপুর, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১৪০৪ | নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– শান্তিপুর, তৌজি নং ০৯, জে এল নং ২২, পরগনা– উখড়া, মহেন্দ্র দত্ত লেন, শান্তিপুর, হোল্ডিং নং ১৮, ওয়ার্ড নং ০৬, শান্তিপুর পুরসভা, জেলা– নদিয়া, দাগ নং ৭০৪৬, এল আর খতিয়ান নং ১২৫৮১, ১২৫৮২ ও ১২৫৮৩, জমির পরিমাপ ০৩ শতক, এডিএসআর অফিস– শান্তিপুরে রেজিস্টার্ড দলিল নং ৪৪৫/২০০৫ অনুযায়ী সম্পত্তির যৌথ স্বত্বাধিকারী: (১) মিসেস মঞ্জু দে, স্বামী– মিঃ নিমাই চন্দ্র দে, (২) মিঃ সঞ্জয় দে, পিতা– মিঃ নিমাই চন্দ্র দে এবং (৩) মিঃ সঞ্জীব দে, পিতা– মিঃ নিমাই চন্দ্র দে। সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর– গৌর কুণ্ডুর বাড়ি; দক্ষিণ– শান্তিবালা দত্তের বাড়ি; পূর্ব– গৌর কুণ্ডুর সম্পত্তি; পশ্চিম– আসা–যাওয়ার পরিসর। | ক) ১২.০৯.২০২৪<br>খ) ₹২২,৭০,১২৬.৪৯<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ২৮.১১.২০২৪<br>গ) প্রতীকী | ক) ₹৩৪,৯২,০০০.০০<br>খ) ₹৩,৪৯,২০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ১০ | **শাখা অফিস: ধুবুলিয়া**<br>**মিঃ মিন্টু কর্মকার (ঋণগ্রহীতা),** পিতা– মিঃ মহাদেব কর্মকার, বড় কান্দুয়া, পোঃঅঃ– বাটি কান্দুয়া, থানা– নাকাশিপাড়া, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১১৩৮<br>**মিসেস মিঠু কর্মকার (সহ–ঋণগ্রহীতা ও বন্ধকদাতা),** স্বামী– মহাদেব কর্মকার, বড় কান্দুয়া, পোঃঅঃ– বাটি কান্দুয়া, থানা– নাকাশিপাড়া, জেলা– নদিয়া, পশ্চিমবঙ্গ–৭৪১১৩৮ | নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: বাটি কান্দুয়া, জেলা– নদিয়া, এডিএসআর– কৃষ্ণনগর, ধর্মদা গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, জেলা– নদিয়া, মৌজা– বাটি কান্দুয়া, জে এল নং ১০৭, খতিয়ান নং– এল আর ৪৫৯, দাগ নং– আর এস ও এল আর ১৭০, ১৭৯, ১৭০/২৫১, জমির পরিমাপ ৩.৩২ ডেসিমেল, দলিল নং ১৩০১৯৭১৭৬/২০১৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী মিসেস মিঠু কর্মকার, স্বামী– মিঃ মহাদেব কর্মকার। সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুযায়ী): উত্তর– বুদ্ধদেব কর্মকারের সম্পত্তি; দক্ষিণ– ৮ ফুট চওড়া পঞ্চায়েতি রাস্তা; পূর্ব– ৮ ফুট চওড়া পঞ্চায়েতি রাস্তা; পশ্চিম– বুদ্ধদেব কর্মকারের সম্পত্তি। | ক) ০১.১১.২০২৩<br>খ) ₹১৬,০৩,৭৭০.৪৪<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ০৬.০২.২০২৪<br>গ) প্রতীকী | ক) ₹১৬,৮৩,০০০.০০<br>খ) ₹১,৬৮,৩০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ১১ | **শাখা অফিস: নগরউখড়া**<br>**মেসার্স লক্ষ্মী নারায়ণ ভাণ্ডার (ঋণগ্রহীতা)**<br>প্রোপ্রাইটর: মিঃ শীতল দেবনাথ, গ্রাম ও পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন–৭৪১২৫৭<br>**মিঃ শীতল দেবনাথ (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা),** পিতা– মিঃ গোপাল দেবনাথ, গ্রাম ও পোঃঅঃ– নগরউখড়া, থানা– হরিণঘাটা, জেলা– নদিয়া, পিন–৭৪১২৫৭ | জমি ও বাড়ি বিশিষ্ট বাণিজ্যিক সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জে এল নং ৭৭, মৌজা– নগরউখড়া, নগরউখড়া ১ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, আর এস খতিয়ান নং ৫৯৪, ১০৮২, ১৫৩০, এল আর খতিয়ান নং ৬৩৬, ৪২৬৫, ৪৩২৯, ১৫৮৬, ২৭১১, ২৭১২, ২৭১৩ ও ২৭১৪, আর এস দাগ নং ১০৪০, ৯৯৯ ও ১০৪২, এল আর দাগ নং ১৩৮০, ১৩৩৩, ১৩৮৬, জমির পরিমাপ ১৬ ডেসিমেল (বাণিজ্যিক) এবং ৯ ডেসিমেল (বাড়ি), অ–বাণিজ্যিক, এডিএসআর– হরিণঘাটা, জেলা– নদিয়া সমীপে রেজিস্টার্ড দলিল নং I–১২৯৬/২০০৯ ও I–৩৫৫০/২০০৯ অনুযায়ী সম্পত্তির মালিকানা মিঃ শীতল দেবনাথ, পিতা– মিঃ গোপাল দেবনাথ–এর নামে।<br>(দলিল নং I–১২৯৬ অনুযায়ী) (আর এস দাগ নং ১০৪০ ও এল আর ১৩৮০) **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– ক্রেতার ভিটা জমি; দক্ষিণ– ক্রেতার আউশ জমি; পূর্ব– অলঙ্গ দেবনাথের আউশ জমি; পশ্চিম– রঞ্জিত দেবনাথের ভিটা জমি।<br>**সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– পিডব্লুডি রাস্তা; দক্ষিণ– ক্রেতার ভিটা জমি; পূর্ব– অলঙ্গ দেবনাথের ভিটা জমি; পশ্চিম– রঞ্জিত দেবনাথের ভিটা জমি।<br>(দলিল নং I–১২৯৬ অনুযায়ী) (আর এস দাগ নং ১০৪২ ও এল আর ১৩৮৬)<br>**সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– ক্রেতার ভিটা জমি; দক্ষিণ– স্বরাজ কুমার কর্মকারের ভিটা জমি; পূর্ব– অলঙ্গ দেবনাথের আউশ জমি; পশ্চিম– রঞ্জিত দেবনাথের আউশ জমি।<br>(দলিল নং I–৩৫৫০ অনুযায়ী) (আর এস দাগ নং ৯৯৯ ও এল আর ১৩৩৩)<br>**সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– কার্তিক দেবনাথ ও ক্রেতার কৃষিজমি; দক্ষিণ– গোপাল সাহার কৃষিজমি; পূর্ব– নারায়ণ দেবনাথ, স্বপন দেবনাথ ও গুরুপদ দেবনাথের সম্পত্তি; পশ্চিম– রঞ্জিত দেবনাথের কৃষিজমি। | ক) ২৮.১১.২০২২<br>খ) ₹৫৭,২০,১২৩.৯৯<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ১০.০২.২০২৩<br>গ) প্রতীকী | ক) ₹৬৯,১৩,০০০.০০<br>খ) ₹৬,৯১,৩০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |
| ১২ | **শাখা অফিস: পলাশীপাড়া**<br>এস এম অটো সেন্টার (ঋণগ্রহীতা)<br>প্রোপ্রাইটর: মিঃ সফিউল মল্লিক,<br>পিতা– মিঃ সইফুর মল্লিক<br>গ্রাম ও পোঃঅঃ– বারনিয়া, থানা– তেহট্ট, জেলা– নদিয়া, পিন– ৭৪১১৬০<br>**মিঃ সফিউল মল্লিক (ঋণগ্রহীতা),**<br>পিতা– মিঃ সইফুর মল্লিক, গ্রাম ও পোঃঅঃ– বারনিয়া, থানা– তেহট্ট, জেলা– নদিয়া, পিন– ৭৪১১৬০<br>**মিঃ পায়েম উদ্দিন শেখ (জামিনদার),**<br>পিতা– মিঃ ওম্বর আলি শেখ<br>গ্রাম ও পোঃঅঃ– বারুইপাড়া, থানা– তেহট্ট, জেলা– নদিয়া, পিন– ৭৪১১৫৬ | নিম্নোক্ত জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: মৌজা– বারনিয়া, জে এল নং ২৬, খতিয়ান নং– আর এস ৩১০৮, এল আর ৩৬০২/৩, হাল এল আর ৩৫০৩/৬, প্লট নং– আর এস এবং এল আর ৮২১৮, প্রকৃতি– ভিটা (বাণিজ্যিক কাজে ব্যবহার্য), জমির পরিমাপ ০.১৭ একর, তৎসহ এর উপরিস্থিত একতলা বাড়ি, থানা– তেহট্ট, এডিএসআর– পলাশীপাড়া, জেলা– নদিয়া, দলিল নং ১০৪২/১৭ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ সফিউল মল্লিক, পিতা– মিঃ সইফুর মল্লিক। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– নজরুল শেখের ফাঁকা জমি; দক্ষিণ– বারনিয়া থেকে কুলগাছি যাওয়ার রাস্তা; পূর্ব– পঞ্চায়েতি রাস্তা; পশ্চিম– ফাঁকা জমি। | ক) ১৬.১২.২০২২<br>খ) ₹২৯,৩৩,৩৪৩.১৪<br>তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ<br>গ) ০৪.০৩.২০২৩<br>গ) প্রতীকী | ক) ₹২৫,২৬,০০০.০০<br>খ) ₹২,৫২,৬০০.০০<br>গ) ₹১০,০০০.০০ | ২৪.০৯.২০২৬<br>সকাল ১১টা থেকে বিকেল ৪টে | ব্যাঙ্কের জানা নেই |

**শর্ত ও নিয়মাবলি:**

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:

১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।

২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।

৩. এই বিক্রি **২৪.০৯.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।

৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com এবং https://www.pnb.bank.in** ওয়েবসাইট দেখুন। ই–নিলাম চলার সময় আপসমূলক বিডিংয়ে বিডাররা সর্বশেষ বিডে প্রস্তাবিত অর্থমূল্যের ওপর ওপরে উল্লিখিত বিড বাড়ানোর অর্থমূল্যের গুণিতকে উচ্চতর বিড পেশের সুযোগ পাবেন। পরবর্তী উচ্চতর বিড পেশের জন্য ৫ মিনিট সময় দেওয়া হবে এবং সর্বশেষ উচ্চতম বিড পেশের পর ৫ মিনিট সময়সীমার মধ্যে কোনও বিডার উচ্চতর বিড পেশ না করলে ই–নিলাম বন্ধ করে দেওয়া হবে।

৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ অনীশ কুমার, মোবাইল: ৯০০২৬৯০২৮৯; মিঃ যীশু বিশ্বাস, মোবাইল: ৯৩৮২১৬৩২৮৪।**

**সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**

তারিখ: ২৯.০৮.২০২৬; স্থান: কৃষ্ণনগর — অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

**সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি**